অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইস্ট বাফেলোতে 20 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী ও সমর্থক আবাসন ডেভেলপমেন্টের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

মাউন্ট অ্যারন ভিলেজে আছে 59টি সাশ্রয়ী বাসা, যার মধ্যে 18টি সমর্থন সেবাসহ, এবং একটি নতুন কমিউনিটি হেলথ ক্লিনিক

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে মাউন্ট অ্যারন ভিলেজ (Mount Aaron Village), ইস্ট বাফেলোর একটি নতুন 20.3 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী ও সমর্থক আবাসন ডেভেলপমেন্টের কাজ শেষ হয়েছে। এই ডেভেলপমেন্টে রয়েছে 59টি অ্যাপার্টমেন্ট, যার মধ্যে 18টি তাদের জন্য যাদের স্বাধীনভাবে বাঁচার জন্য সমর্থন সেবার প্রয়োজন হয়।

"মানসম্পন্ন সাশ্রয়ী আবাসন হল স্বাস্থ্যকর সম্প্রদায় ও ব্যক্তিগত সাফল্যের ভিত্তি," গভর্নর হোকল বলেন। "আমার প্রশাসন আমাদের ধর্মীয় নেতৃবৃন্দের মতো অংশীদারদের সাথে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ, যারা ইস্ট বাফেলোতে আরো আবাসন সুযোগ আনার জন্য এবং এই সম্প্রদায়কে দীর্ঘমেয়াদে আরো বলীয়ান ও স্থিতিশীল করার জন্য এই ডেভেলপমেন্টের পক্ষে কাজ করেছেন। আমরা যখন এইসব এলাকায় আমাদের পুনরুজ্জীবন প্রয়াস অব্যাহত রাখছি, তখন মাউন্ট অ্যারন ভিলেজ বাসিন্দাদের সেই ধরনের বাসা ও সংস্থান প্রদান করবে যা সমৃদ্ধি করতে তাদের প্রয়োজন।"

মাউন্ট অ্যারন ভিলেজ আবাসনকে আরো সাশ্রয়ী, ন্যায্য, ও স্থিতিশীল করতে গভর্নর হোকলের সুদূরপ্রসারী পরিকল্পনার সম্পূরক। 2023 অর্থবছরের স্টেট বাজেটে গভর্নর 25 বিলিয়ন ডলারের একটি পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনা উপস্থাপন এবং সফলভাবে প্রণয়ন করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

এছাড়া ডেভেলপমেন্টটি ইস্ট বাফেলো সম্প্রদায়ের দীর্ঘদিনের অসমতা সমাধানে স্টেটের প্রচেষ্টার উপর ভিত্তি করে হয়েছে। এর আগে এই বছরে গভর্নর মে মাসে শ্বেতাঙ্গ আধিপত্যবাদীর সন্ত্রাসী হামলার পর ইস্ট বাফেলোর চাহিদা পূরণে 50 মিলিয়ন মার্কিন ডলার অভীষ্ট বিনিয়োগের ঘোষণা প্রদান করেছেন।

মাউন্ট অ্যারন ভিলেজে রয়েছে একটি তিনতলা ভবন যেখানে 43টি অ্যাপার্টমেন্ট এবং 4,000 বর্গফুট বাণিজ্যিক স্থান এবং মোট 16টি অ্যাপার্টমেন্টসহ তিনটি টাউনহাউজ ধাঁচের ভবন রয়েছে। এই 18টি অ্যাপার্টমেন্ট গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তিদের জন্য সংরক্ষিত থাকবে যারা এম্পায়ার স্টেট সমর্থক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative, ESSHI) মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের আসক্তি সেবা ও সমর্থন অফিসের (New York State Office of Addiction Services and Supports, OASAS) পরিচালনায় ভাড়া ভর্তুকি ও সমর্থক সেবা পাবে।

বেস্টসেলফ বিহেভিওরাল হেলথ ইনকর্পোরেটেড (BestSelf Behavioral Health Inc.) প্রদত্ত সেবার মধ্যে রয়েছে কেস ব্যবস্থাপনা, আচরণগত স্বাস্থ্য সেবা, শিক্ষা সংস্থান, কাউন্সেলিং, মানসিক স্বাস্থ্য সেবা, প্রাইমারি কেয়ার সেবা, সঙ্কট হস্তক্ষেপ, পিয়ার সমর্থন, এবং বাড়িতে স্বাস্থ্য সেবা। বেস্টসেলফ বিহেভিওরাল হেলথ ইনকর্পোরেটেড এছাড়াও বাসিন্দা ও আশেপাশের সম্প্রদায়ে সেবাদান করার জন্য বাণিজ্যিক স্থানটি লিজ নিচ্ছে।

অবশিষ্ট 41টি অ্যাপার্টমেন্ট এলাকার মধ্যম আয়ের (Area Median Income, AMI) 60 শতাংশ বা তার কম উপার্জনের গৃহস্থালিসমূহের ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে। আবাসিক সুযোগ সুবিধার মধ্যে রয়েছে একটি রান্নাঘরসহ কমিউনিটি কক্ষ, লন্ড্রির ব্যবস্থা এবং একটি ঘরের বাইরে খেলার মাঠ।

মাউন্ট অ্যারন ভিলেজ নকশা করা হয়েছে নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) নিচু নতুন নির্মাণ কর্মসূচির (Low-Rise New Construction program) মানদণ্ড বজায় রাখার জন্য। শক্তি দক্ষ বৈশিষ্ট্যের মধ্যে এনার্জি স্টার লেবেল করা যন্ত্রপাতি, তাপ এবং শীতাতপ নিয়ন্ত্রণ সিস্টেম এবং লাইটিং অন্তর্ভুক্ত।

ডেভেলপমেন্টটি নির্মিত হয়েছে দুই একরের খালি জমিতে যা মাউন্ট অ্যারন ভিলেজ হাউজিং ডেভেলপমেন্ট ফান্ড কর্পোরেশন (Mount Aaron Village Housing Development Fund Corporation), মাউন্ট অ্যারন মিশনারি ব্যাপ্টিস্ট চার্চের (Mount Aaron Missionary Baptist Church) নির্মাণ অঙ্গ বাফেলো ইকোনোমিক রেনেসাঁ কর্পোরেশন (Buffalo Economic Renaissance Corporation) থেকে অধিগ্রহণ করেছে। ডেভেলপাররা হলো কমিউনিটি হোপ বিল্ডার্স CDC, ইনকর্পোরেটেড (Community Hope Builders CDC, Inc.), এবং CB-ইমানুয়েল রিয়েলটি (CB-Emmanuel Realty)।

মাউন্ট অ্যারন ভিলেজের জন্য স্টেট অর্থায়নের মধ্যে রয়েছে ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Federal Low-Income Housing Tax Credits) যা 12.6 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি সৃষ্টি করে এবং নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) থেকে 6 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। NYSERDA 55,400 মার্কিন ডলারের সমর্থন প্রদান করবে। বাফেলো সিটি 800,000 মার্কিন ডলার ফেডারেল HOME তহবিল প্রদান করেছে।

নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "মাউন্ট অ্যারন ভিলেজ ইস্ট বাফেলো এলাকাসমূহকে নিরাপদ, স্বাস্থ্যকর এবং সাশ্রয়ী বাসা ও নতুন কমিউনিটি সেবাসহ আবাসন ডেভেলপমেন্ট দিয়ে পুনঃস্থাপন করতে আমাদের বিনিয়োগ অব্যাহত রাখছে। 59টি অ্যাপার্টমেন্ট, যার মধ্যে 18টি পূর্বে গৃহহীন থাকা মানুষ ও পরিবারের জন্য সংরক্ষিত থাকবে, নিয়ে মাউন্ট অ্যারন ভিলেজ ইস্ট বাফেলোর বর্তমান ও ভবিষ্যৎ বাসিন্দাদের কাছে যাতে সকল নিউ ইয়র্কবাসীর প্রাপ্য সুযোগ থাকে তা নিশ্চিত করবে। আমরা মাউন্ট অ্যারন ব্যাপ্টিস্ট চার্চ এবং CB ইমানুয়েলের প্রতি কৃতজ্ঞ এই ডেভেলপমেন্টে অংশীদারিত্ব করার জন্য যা সম্পূর্ণ ইস্ট বাফেলো সম্প্রদায়কে বলীয়ান করবে।"

নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "মাউন্ট অ্যারন ভিলেজ প্রকল্পের কাজ শেষ হওয়ার ফলে, ইস্ট বাফেলোর বাসিন্দাদের এমন সাশ্রয়ী আবাসন পাওয়ার সুযোগ বর্ধিত হয়েছে যেখানে শক্তিদক্ষ অ্যাপ্লায়েন্স এবং সরঞ্জাম রয়েছে এবং যা একইসাথে উচ্চ গুনামন সম্পন্ন জানালা, ইন্স্যুলেশন ও বাতাস সিলিংয়ের বর্ধিত আরাম প্রদান করে। এই প্রকল্পটি এবং এর মতো আরো প্রকল্প ভবন খাত থেকে নিঃসরণ হ্রাস করতে স্টেটের প্রতিশ্রুতি প্রদর্শন করে যাতে 2030 সালের মধ্যে দুই মিলিয়ন জলবায়ুবান্ধব বাসা নির্মাণের গভর্নর হোকলের লক্ষ্যের সমর্থনে আরো স্বাস্থ্যকর বসবাসের স্থান ও সম্প্রদায় প্রদান করা যায়।"

নিউ ইয়র্ক স্টেটের আসক্তি সেবা ও সমর্থন অফিসের কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন, "আসক্তির দ্বারা প্রভাবিত ব্যক্তিদের সমর্থক আবাসন প্রদান করা একজন ব্যক্তির সার্বিক স্বাস্থ্য ও সুস্থতা, এবং তাদের ব্যক্তিগত নিরাময়ের প্রচারের জন্য অতি গুরুত্বপূর্ণ হতে পারে। এটি একটি গুরুত্বপূর্ণ কর্মসূচি যা বাফেলোতে অভাবে থাকা মানুষের জন্য বাস্তব লাভ নিয়ে আসবে এবং তাদেরকে বাড়ির কাছেই অতি গুরুত্বপূর্ণ চিকিৎসা সেবা ও সংস্থান পাওয়ার সুযোগ প্রদান করবে।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "ইস্ট বাফেলোতে সাশ্রয়ী আবাসন নির্মাণ ও রক্ষণাবেক্ষণ এর ভবিষ্যতের জন্য অতি গুরুত্বপূর্ণ। আমি গর্বিত যে ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট এই গুরুত্বপূর্ণ ডেভেলপমেন্টের জন্য 18 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করেছে যা ইস্ট বাফেলো সম্প্রদায়কে বলীয়ান করবে।"

প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেন, "মাউন্ট অ্যারন ভিলেজ ইস্ট বাফেলোর বাসিন্দাদের উন্নততর ভবিষ্যতের জন্য একটি বিনিয়োগ হিসেবে কাজ করে, স্থিতিশীল, আধুনিক ও টেকসই সমর্থকসেবাসহ আবাসন প্রদান করে যাতে করে পরিবার, বয়স্ক এবং অন্যান্য ব্যক্তিদের কাছে স্বাধীনভাবে বাঁচার সুযোগ থাকে। নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট এবং HOME-র মতো ফেডারেল কর্মসূচিসমূহ এটির মতো সাশ্রয়ী আবাসন ইউনিট নির্মাণকে সমর্থন করে। এই প্রকল্পের কাজ শেষ হওয়া গুরুত্বপূর্ণ অগ্রগতির প্রতীক যা আমাদেরকে পুরো ওয়েস্টার্ন নিউ ইয়র্ক সম্প্রদায়ে অব্যাহত রাখতে হবে।"

স্টেটের সিনেটর টিম কেনেডি বলেন, "মাউন্ট অ্যারন ভিলেজের কাজ শেষ হওয়ার মাধ্যমে, ইস্ট বাফেলো অতি স্বাগত বিনিয়োগ দেখতে পাচ্ছে। এই সাশ্রয়ী আবাসন কমপ্লেক্সটি সুযোগ,

লভ্যতা, এবং মুখ্য সমর্থক সেবা প্রদান করবে একটি আন্তঃসংযুক্ত পরিবেশে। আমি প্যাস্টর জোন্সের প্রশংসা করছি তার অব্যাহত নেতৃত্ব ও ভিশনের জন্য, এবং মানুষ সত্যিকারের বাসা বলতে পারবে এমন অর্থপূর্ণ, সম্প্রদায়কেন্দ্রিক স্থান তৈরির গুরুত্ব উপলব্ধি করার জন্য।"

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপল-স্টোকস বলেন, "মাউন্ট অ্যারন ভিলেজের কাজ শেষ করার জন্য কমিউনিটি হোপ বিল্ডার্স CDC, ইনকর্পোরেটেড, এবং CB ইমানুয়েল রিয়েলটিকে অভিনন্দন। এই 59টি অ্যাপার্টমেন্ট এবং 4টি বাণিজ্যিক স্থান জিনেসি-জেফারসন করিডোর এবং আশেপাশের সম্প্রদায়ে আরো কর্মকাণ্ড, এলাকার ঘনত্ব এবং স্বাস্থ্য সম্পর্কিত সেবার ব্যবস্থা সংযোজন করবে। আমি এই ইস্টসাইড বাফেলো প্রকল্পে এতো বিশ্বাস করেছি যে আমি সফলভাবে এর জন্য 250,000 মার্কিন ডলার নিউ ইয়র্ক স্টেট ডর্মিটরি কর্তৃপক্ষের (Dormitory Authority of the State of New York, DASNY) ক্যাপিটাল তহবিল সহায়তার জন্য নিশ্চিত করতে পেরেছি। আমি গভর্নর হোকল, NYS হোমস এবং কমিউনিটি রিনিউয়াল, এবং NYSERDA-র প্রতি কৃতজ্ঞ এই ডেভেলপমেন্টটি সম্ভব করতে আর্থিকভাবে সাহায্য করার জন্য।"

ইরি কাউন্টি নির্বাহী মার্ক সি. পোলনকার্জ বলেন, "আমাদের সম্প্রদায়ে সাশ্রয়ী আবাসনের চাহিদা অতি গুরুত্বপূর্ণ এবং মাউন্ট অ্যারন ভিলেজ সরাসরি সেই চাহিদা পূরণ করে 59টি অ্যাপার্টমেন্ট দিয়ে যার মধ্যে কিছু সমর্থক সেবার প্রয়োজন থাকা ব্যক্তিদের জন্য রয়েছে। শক্তি দক্ষ ডেভেলপমেন্টটি শুধু অত্যাবশ্যকীয় আবাসন প্রদান করে না, ব্রেন্ট এটি এলাকায় বাণিজ্যিক স্থান যোগ করে এবং কীভাবে অংশীদারিত্ব আমাদের সম্প্রদায়কে বলীয়ান করতে পারে তার একটি দারুণ উদাহরণ।"

বাফেলোর মেয়র বায়রন ডব্লিউ ব্রাউন বলেন, "মাউন্ট অ্যারন ভিলেজের কাজ শেষ হওয়ার মাধ্যমে বড়দিনের সপ্তাহ শুরু করা একটি আনন্দের ব্যাপার, এটি একটি সাশ্রয়ী ও সমর্থক আবাসন ডেভেলপমেন্ট যা দুঃস্থ ব্যক্তি ও পরিবারকে ক্রান্তিকালীন ও সাশ্রয়ী এবং সমর্থক আবাসন প্রদান করবে যা স্থিতিশীলতা ও নিরাপত্তা অর্জন করতে তাদের প্রয়োজন। এমন প্রকল্প অভাবে থাকা ব্যক্তিদেরকে তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য আবাসন ও আশ্রয়কেন্দ্রের সাথে কার্যকরভাবে যুক্ত করে দিতে আমার প্রশাসনের প্রচেষ্টার উপর ভিত্তি করে হচ্ছে। আমি গভর্নর ক্যাথি হোকল এবং অন্য বহু স্টেকহোল্ডারদের কাছে কৃতজ্ঞ যারা এই প্রকল্পে কাজ করে এটির কাজ শেষ করেছে। আসুন একত্রে আমাদের এক লক্ষ্য অর্জন করতে কাজ করা যাক যাতে শহরটিকে আরো সমতার ও সকলের জন্য সাশ্রয়ী করা যায়।"

CB-ইমানুয়েল রিয়েলটি, এলএলসির প্রিন্সিপ্যাল বেন উপশও বলেন, "CB-ইমানুয়েল রিয়েলটি, এলএলসি সম্মানিত হয়েছে NYS হোমস এবং কমিউনিটি রিনিউয়াল, বাফেলো সিটি, এবং কমিউনিটি হোপ বিল্ডার্সদের সাথে অংশীদারিত্ব করতে পেরে এমন একটি প্রকল্পে যা ইস্ট বাফেলোর জন্য অনুঘটক হবে বলে আমরা আশা করছি। আমরা মনে করে যে বর্ধনশীল ও উদীয়মান এই এলাকায় এটি একটি ইতিবাচক সংযোজন যা আশেপাশের সাইটের প্রত্যাশিত ভবিষ্যৎ নির্মাণ পর্যায়ের মাধ্যমে শুধুই আরো উন্নত হবে।"

বেস্টসেলফ বিহেভিওরাল হেলথের প্রধান নির্বাহী কর্মকর্তা এলিজাবেথ ওয়ইক-গঙ্গা বলেন, "আমরা এমন একটি সহযোগিতামূলক কাজের অংশ হতে পেরে আনন্দিত যা আমাদের সম্প্রদায়ের দুঃস্থ জনগোষ্ঠীকে নিরাপদ, সাশ্রয়ী আবাসন প্রদান করে। আমাদের দল নিবেদিত এটি নিশ্চিত করার জন্য যাতে একদম নতুন এই ইউনিটগুলিতে বাস করতে থাকা ব্যক্তি ও পরিবারগুলি তাদের সেরা জীবনযাপন করতে প্রয়োজনীয় সকল সমর্থন ও সেবা লাভ করে।"

মাউন্ট অ্যারন ব্যাপ্টিস্ট চার্চ/কমিউনিটি হোপ বিল্ডার্সের প্যাস্টর ডোয়াইন জোন্স বলেন, "এই ডেভেলপমেন্টটি বাফেলো সিটির এই ঐতিহাসিক এলাকার পূর্ণগঠন করতে আমাদের ব্লকের-পর-ব্লক পন্থা অব্যাহত রাখছে, এবং এটি গভর্নর হোকল, আমাদের স্টেটের প্রতিনিধিগণ, মেয়র ব্রাউন এবং আমাদের সম্প্রদায়জুড়ে আরো অনেকের, যার মধ্যে আমরা সকলেই যেই পুনরুজ্জীবন অর্জনে কাজ করছি তাতে সাহায্য করতে প্রতিশ্রুতিবদ্ধ বাসিন্দা রয়েছে, তাদের সমর্থন ছাড়া সম্ভব হতো না।"

রোজওয়েল পার্ক কম্প্রিহেন্সিভ ক্যান্সার সেন্টারের (Roswell Park Comprehensive Cancer Center) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যান্ডেস এস. জনসন, PhD, বলেন, "আমি মাউন্ট অ্যারন ভিলেজের কাজ শেষ করতে প্যাস্টর জোন্স ও গভর্নর হোকলের নিরলস পরিশ্রমের জন্য তাদের প্রশংসা করতে চাই। সাশ্রয়ী আবাসন গঠনে, প্যাস্টর জোন্স আমাদের সম্প্রদায়ে যাদের সাহায্যের প্রয়োজন সর্বাধিক তাদের জন্য নিজের প্রতিশ্রুতি ও নিবেদন ব্যক্ত করেন। আমরা বাফেলোকে আরো স্বাস্থ্যকর, সকলের জন্য আরো সমতার স্থান করে তোলা অব্যাহত রাখতে ভবিষ্যৎ প্রকল্পেও আপনাদের সাথে কাজ করে যেতে উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418